

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮৭

আগরতলা, ১২ এপ্রিল, ২০২৫

প্রকাশিত সংবাদের প্রতিবাদ

গত ৫ ফেব্রুয়ারি ২০২৫ প্রতিবাদী কলম পত্রিকায় ‘বড়দের ছেড়ে ছোট কারবারিকে গ্রেপ্তার’ শিরোনামে প্রকাশিত সংবাদ আরক্ষা প্রশাসনের নজরে এসেছে। রাজ্য পুলিশের মহানির্দেশকের অফিস থেকে জানানো হয়েছে প্রকাশিত সংবাদ ভিত্তিহীন। এ বিষয়ে পশ্চিম ত্রিপুরা জেলার পুলিশ সুপারের দেওয়া প্রতিবেদন উল্লেখ করে জানানো হয়েছে, সীমান্ত এলাকায় মাদক পাচারকারী ও বিক্রেতাদের বিরুদ্ধে অভিযান জারি রয়েছে। সীমান্তরক্ষী বাহিনীর সঙ্গে যৌথভাবে প্রতিনিয়ত তাদের বিরুদ্ধে অভিযান চলছে। রিপোর্টে বলা হয়েছে গত ৬ মাসে সিধাই থানায় মাদক পাচারকারী ও বিক্রেতাদের বিরুদ্ধে ৪টি মামলা রজু করা হয়েছে। ২০২৪-এর ৩ জুলাই ৬৬ কেজি শুকনো গাঁজা বাজেয়াপ্ত করা হয়েছে এবং ১ জনকে গ্রেপ্তার করা হয়েছে। ১১ জুলাই, ২০২৪ এ ৪ হাজার ইয়াবা টেবলেট বাজেয়াপ্ত করা হয়েছে এবং ১ জনকে গ্রেপ্তার করা হয়েছে। ১২ জানুয়ারি, ২০২৫ এ ৯৪ বোতল এসকাফ, ২২৯ গ্রাম হেরোইন, ৫টি নাইন এমএম বুলেট বাজেয়াপ্ত করা হয়েছে ও ১ জনকে গ্রেপ্তার করা হয়েছে। ২০২৪-এর ২ ফেব্রুয়ারি ২ কেজি গাঁজা, ৩৭ গ্রাম হেরোইন, ৯০০টি খালি প্লাস্টিকের ভায়াল, ১টি পালসার বাইক এবং ১ লক্ষ ৯০ হাজার ৭০০ ভারতীয় টাকা বাজেয়াপ্ত করা হয়েছে এবং ১ জনকে গ্রেপ্তার করা হয়েছে। তাছাড়া মোহনপুর মহকুমায় ব্যাপক পরিমাণে গাঁজা গাছ ধ্বংস করা হয়েছে। ২০২৪-এর ২৬ সেপ্টেম্বর থেকে এ বছর ১ ফেব্রুয়ারি পর্যন্ত ৯১ হাজার গাঁজা গাছ ধ্বংস করা হয়েছে মোহনপুর মহকুমার বিভিন্ন জায়গায়। মোহনপুর মহকুমায় মাদক ব্যবসার সঙ্গে যুক্ত ব্যক্তিদের ধরতে পুলিশি অভিযান জারি রয়েছে।
